# পাঠক্রম

## বি.এফ.এ.সম্মান প্রোগ্রাম

## কারুশিল্প বিভাগ

## ঢাকা বিশ্ববিদ্যালয়

## বি.এফ.এ. প্রোগ্রামের উদ্দেশ্য

শিল্পকলার ইতিহাসের ধারাবাহিকতায় প্রাচীন কাল থেকে বাংলাদেশের কারুশিল্প এক গৌরবোজ্জ্বল স্থান দখল করে রয়েছে। এ সমস্ত কারুশিল্পের মধ্যে মসলিন, জামদানি, নকশি কাঁথা, শীতল পাটি, পটচিত্র, সখের হাঁড়ি, লক্ষ্মীসরা, পুতুল, কাঠ, বাঁশ, বেত, মেটাল সামগ্রী ইত্যাদি উল্লেখযোগ্য । বাংলাদেশের ঐতিহ্যবাহী কারুশিল্পের তুলনায় বর্তমানে সৃষ্ট সৃজনশীল কারুশিল্পের ইতিহাস খুবই সংক্ষিপ্ত। এই প্রেক্ষিতে কারুশিল্প বিভাগের প্রধান উদ্দেশ্য হচ্ছে গতানুগতিক কারুশিল্পের বিপরীতে আধুনিক ও যুগোপযোগী সৃজনশীল কারুশিল্প বিকাশে শিক্ষার্থীদের উপযুক্ত শিক্ষা দেওয়া। এ বিভাগের পাঠক্রমকে প্রধান দুটি উদ্দেশ্যে বিভক্ত করা হয়েছে।

১) ব্যবহারিক উদ্দেশ্যে

২) সৃজনী শিল্পের উদ্দেশ্যে

এই উভয় উদ্দেশ্যে সম্যক জ্ঞান ও সুস্পষ্ট ধারণা নিয়ে শিক্ষার্থীরা শিল্পচর্চা করবে। এছাড়াও দেশে ও বিদেশে ব্যবহারিক কারুশিল্পের বাণিজ্যিক দিক চিন্তা করে শিক্ষার্থীরা যেন আধুনিক কারুশিল্প প্রস্তুত করতে পারে সেই উদ্দেশ্যে বি.এফ.এ. সম্মান পাঠ্যক্রম বিন্যস্ত করা হয়েছে। প্রতিটি কোর্সে যথাসম্ভব সূক্ষ্মাতিসূক্ষ্মভাবে শেখানোর মাধ্যমে সম্পূর্ণ স্বাধীন সচেতন এবং স্বতঃস্ফুর্তভাবে শিল্পচর্চা করা এবং উৎপাদনমুখি কারুশিল্পের সাথে সম্পৃক্ত হতে উৎসাহিত করা এর মূল উদ্দেশ্য।

চার বৎসর মেয়াদী বি.এফ.এ. সম্মান কোর্সের জন্য পর্যায়ক্রমে ১ম, ২য়, ৩য় প্রত্যেক শিক্ষাবর্ষের চূড়ান্ত পরীক্ষায় শিক্ষার্থীদের GPA ভিত্তিতে উন্নীত হতে হবে এবং ৪র্থ বর্ষের পরীক্ষাসহ চার বছরের মোট GPA এর ভিত্তিতে শিক্ষার্থীরা চূড়ান্ত ফলাফল (CGPA) অর্জন করবে।

**B.F.A. 1st year**
Total Marks: 600
Total Credit: 54

| Course no | Title of the Course | Marks | Credits | Cont. Hrs |
|---|---|---|---|---|
| CRAFT 101 | ড্রইং (Drawing) | 100 | 10 | 150 |
| CRAFT 102 | স্কেচ (Sketch) | 100 | 10 | 150 |
| CRAFT 103 | বেসিক ডিজাইন (Basic Design) | 100 | 10 | 150 |
| CRAFT 104 | পরিপ্রেক্ষিত (Perspective) | 50 | 05 | 75 |
| CRAFT 105 | অনুশীলন ও কম্পোজিশন (Study and composition) | 50 | 05 | 75 |
| CRAFT 106 | কাগজ ও কোলাজশিল্প (Paper and Collage Art) | 100 | 10 | 150 |
| CRAFT 901 | বিশ্বশিল্পের ইতিহাস (History of World Art) | 100 | 04 | 60 |

**B.F.A. 2nd Year**
Total Marks: 500
Total Credit: 44

| Course No | Title of the Course | Marks | Credits | Cont. Hrs |
|---|---|---|---|---|
| CRAFT 201 | ড্রইং (Drawing) | 50 | 08 | 120 |
| CRAFT 202 | স্কেচ (Sketch) | 100 | 10 | 150 |
| CRAFT 203 | ডিজাইন (Design) | 100 | 10 | 150 |
| CRAFT 204 | স্টিল লাইফ (Still Life) | 50 | 05 | 75 |
| CRAFT 205 | গহনা (Jewellery) | 50 | 05 | 75 |
| CRAFT 206 | কারুশিল্পের উপকরণ ও করণ-কৌশল (Material and Technique of Craft) | 50 | 02 | 30 |
| CRAFT 911 | পাশ্চাত্য শিল্পের ইতিহাস (History of Western Art) | 100 | 04 | 60 |

**B.F.A. 3rd Year**
Total Marks: 500
Total Credit: 44

| Course No | Title of the Course | Marks | Credits | Cont. Hrs |
|---|---|---|---|---|
| CRAFT 301 | ড্রইং (Drawing) | 100 | 10 | 150 |
| CRAFT 302 | দারুশিল্প (Wooden Art) | 100 | 10 | 150 |
| CRAFT 303 | বাটিক (Batik) | 50 | 05 | 75 |
| CRAFT 304 | ধাতব শিল্প (Metal Art) | 100 | 10 | 150 |
| CRAFT 305 | এপলিক (Applique) | 50 | 05 | 75 |
| CRAFT 921 | দক্ষিন এশিয়া ও বাংলার শিল্পের ইতিহাস<br>(The Art of South Asia and Bengal) | 100 | 04 | 60 |

**B.F.A. 4th Year**
Total Marks: 500
Total Credit: 38

| Course No | Title of the Course | Marks | Credits | Cont. Hrs |
|---|---|---|---|---|
| CRAFT 401 | স্কিন প্রিন্ট (Screen Print) | 100 | 10 | 150 |
| CRAFT 402 | ট্যাপিস্ট্রি (Tapestry) | 100 | 10 | 150 |
| CRAFT 403 | সৃজনশীল ফ্যাশন ডিজাইন (Creative Fashion Design) | 50 | 05 | 75 |
| CRAFT 404<br>**Alternative**<br>CRAFT | ইন্টার্নশিপ (Internship)<br><br>পোর্টফোলিও এ্যাণ্ড প্রেজেন্টেশন<br>(Portfolio & Presentation) | 50<br><br>50 | 05<br><br>05 | 75<br><br>75 |
| CRAFT 931 | নন্দনতত্ত্ব (Aesthetics) | 100 | 04 | 60 |
| CRAFT 932 | বিশ শতক এবং লোক নৃ-গোষ্ঠীর শিল্প<br>(Folk, Ethnic & 20th Century Art) | 100 | 04 | 60 |

# বি.এফ.এ. সম্মান প্রোগ্রাম

**শিক্ষাক্রম বিশ্বের সমকালীন, যুগোপযোগী ও আধুনিক শিক্ষণ পদ্ধতি অনুযায়ী পরিচালিত হবে। সকল কোর্সের প্রথম ক্লাসে উল্লেখিত কোর্স সম্পর্কিত প্রাথমিক ধারণা গুরুত্ব সহকারে প্রদান করতে হবে।**

**প্রথম বর্ষ ॥ মোট নম্বর : ৬০০** মোট ক্রেডিট-৫৪

| Cource No | Cource Title & Marks | Credit |
|---|---|---|
| **CRAFT 101** | **ড্রইং (Drawing)**<br>পূর্ণমান : ১০০{ইনকোর্স: (ড্রইং:৪০+স্কেচ খাতা:১০) ৫০ +পরীক্ষা: ৫০)}<br>বিষয় : তৈজসপত্র, ফোলিয়েজ, পশুপাখি, মানুষ ।<br>মাধ্যম : পেন্সিল, কালি, কলম, ব্রাশ, চারকোল ইত্যাদি।<br>রেখার মাধ্যমে আলোছায়া দেখিয়ে ড্রইং করতে হবে। উল্লেখ্য, শিক্ষার্থী শিক্ষাবর্ষে স্কেচ খাতায় ১০ নম্বর প্রাপ্তির জন্য কমপক্ষে ৫ বার স্কেচ খাতা সংশ্লিষ্ট কোর্স শিক্ষককে বাধ্যতামূলক দেখাতে হবে। স্কেচ খাতায় রেখা অথবা আলোছায়া প্রয়োগে মানুষ, পশুপাখি, প্রকৃতি,ফোলিয়েজ, তৈজসপত্র, আসবাবপত্র, পরিত্যক্ত বিষয় ইত্যাদি অনুশীলন করবে। | **১০** |
| **CRAFT 102** | **স্কেচ (Sketch)**<br>পূর্ণমান : ১০০ (ইনকোর্স:৫০+পরীক্ষা:৫০)<br>বিষয় : ক্লোজআপ স্টাডি, নিসর্গ, পরিত্যক্ত বিষয়, পশুপাখি, মানুষ।<br>মাধ্যম : পেন্সিল, কালি, কলম, ব্রাশ, চারকোল ও প্যাস্টেল ইত্যাদি। | **১০** |
| **CRAFT 103** | **বেসিক ডিজাইন (Basic Design)**<br>পূর্ণমান:১০০ (ইনকোর্স:৫০+পরীক্ষা:৫০)<br>বিষয় : নকশার মৌলিক উপাদান ও রীতি পদ্ধতি অনুসরণে ফুল, লতা-পাতা, পশু-পাখি, মাছ, নানান মোটিফ, জ্যামিতিক ফর্ম ইত্যাদি ব্যবহার করে মৌলিক নকশা প্রস্তুত করা।<br>মাধ্যম : কালি, কলম, তুলি, রং, পেপার, কোলাজ ইত্যাদি। এছাড়াও কম্পিউটার মাধ্যম ব্যবহার করে ডিজাইন বিষয়ে ধারণাসহ ডিজাইন প্রস্তুত করা। | **১০** |
| **CRAFT 104** | **পরিপ্রেক্ষিত (Perspective)**<br>পূর্ণমান : ৫০ (ইনকোর্স:২৫+পরীক্ষা:২৫)<br>বিষয় : জ্যামিতিক আকৃতির বস্তু, আসবাবপত্র, তৈজসপত্র, ঘর-বাড়ি, নিসর্গ।<br>মাধ্যম : পেন্সিল, কালি, কলম, রং, তুলি ইত্যাদি। | **০৫** |
| **CRAFT 105** | **অনুশীলন ও কম্পোজিশন (Study & Composition)**<br>পূর্ণমান : ৫০ (ইনকোর্স: ২৫+পরীক্ষা: ২৫)<br>বিষয় : জড় জীবন, পরিত্যক্ত বিষয়, জাদুঘরে রক্ষিত সামগ্রী, পশু-পাখি, ফুল, লতা-পাতা ইত্যাদি রেখাসহ আলোছায়া প্রয়োগের মাধ্যমে সুচারুভাবে অনুশীলন ও কম্পোজিশন করা।<br>মাধ্যম : পেন্সিল, কালি, কলম, তুলি, রং ইত্যাদি। | **০৫** |
| **CRAFT 106** | **কাগজ ও কোলাজশিল্প (Paper & Collage Art)**<br>পূর্ণমান : ১০০ (ইনকোর্স:৫০+পরীক্ষা:৫০)<br>মাধ্যম : কাগজ, কাগজের মণ্ড (পেপার ম্যাশ) ও কোলাজ ব্যবহার উপযোগী উপকরণ ইত্যাদি।<br>বিষয় : উন্মুক্ত। | **১০** |
| **CRAFT 901** | **বিশ্বশিল্পের ইতিহাস (History of World Art)**<br>পূর্ণমান : ১০০{ইনকোর্স( টিউটোরিয়াল ১৫+মৌখিক ১০) ২৫+ পরীক্ষা ৭৫}<br>প্রাগৈতিহাসিক কাল থেকে ১৪০০ শতক পর্যন্ত ঃ পুরাতন প্রস্তর ও নব্যপ্রস্তর যুগ, প্রাচীন মিসরীয়, মেসোপেটেমীয়, এজিয়, গ্রিক, চৈনি, কোরীয়, জাপানি, এট্রুসকান, রোমান, প্রাচীন যুগের শেষ প্রান্তের শিল্পকলা (বহু ঈশ্বরবাদী, ইহুদী ও খ্রিষ্টান), বাইজেন্টীয়, ইসলামী, চীনা ও জাপান। | ০৪ |

**দ্বিতীয় বর্ষ ॥ মোট নম্বর : ৫০০** **মোট ক্রেডিট-৪৪**

| Cource No | Cource Title & Marks | Credit |
|---|---|---|

**CRAFT 201** **ড্রইং (Drawing)** **১০**

পূর্ণমান : ১০০ (ইনকোর্স:২৫+পরীক্ষা:২৫)
বিষয় : মানুষ, জীব-জন্তু, পশু-পাখি ইত্যাদি। এছাড়া চিড়িয়াখানা ও জাদুঘরে সংরক্ষিত বিষয়াদির ড্রইং।
মাধ্যম : পেন্সিল, কালি, কলম, রং, তুলি, চারকোল ইত্যাদি।

**CRAFT 202** **স্কেচ (Sketch)** **১০**

পূর্ণমান :১০০ {ইনকোর্স (স্কেচ:৪০+ খাতা:১০) ৫০ +পরীক্ষা: ৫০}
বিষয় : প্রাকৃতিক বিষয়, ঘর-বাড়ি, পশু-পাখি, পরিত্যক্ত বিষয় ইত্যাদি রেখাসহ আলোছায়া প্রয়োগে অনুশীলিত হবে। উল্লেখ্য, শিক্ষার্থী শিক্ষাবর্ষে ১০ নম্বর প্রাপ্তির জন্য কমপক্ষে ৫ বার স্কেচ খাতা সংশ্লিষ্ট কোর্স শিক্ষককে বাধ্যতামূলক দেখাতে হবে।
মাধ্যম : পেন্সিল, কালি, কলম, রং (জল রং, এ্যাক্রেলিক ও পোস্টার রং) তুলি ইত্যাদি।

**CRAFT 203** **ডিজাইন (Design)** **১০**

পূর্ণমান : ১০০ (ইনকোর্স:৫০+পরীক্ষা:৫০)
বিষয় : দেশীয় যে কোন বিষয়সহ কারুশিল্পে ব্যবহার উপযোগী ডিজাইন। যেমন : শাড়ি, বেডশিট, মাদুর, কার্পেট, ব্যাগ, পটারী, কাঠের দরজা, আসবাবপত্র, পুতুল, পোশাক ইত্যাদি।
মাধ্যম : কালি, তুলি, রং, কাগজ, কোলাজ ইত্যাদি।

**CRAFT 204** **স্টিল লাইফ (Still Life)** **০৫**

পূর্ণমান : ৫০ (ইনকোর্স:২৫+পরীক্ষা:২৫)
বিষয় : লতাপাতা, ফুল-ফল, জাদুঘরে রক্ষিত সামগ্রী, বিভিন্ন বস্তু জড় জীবন। (আলোছায়া নির্ণয়ের মাধ্যমে অনুশীলন ও বিন্যাস)
মাধ্যম : পেন্সিল রং, প্যাস্টেল রং, জল রং, পোস্টার রং, এ্যাক্রেলিক রং, তেল রং ইত্যাদি।

**CRAFT 205** **গহনা (Jewellery)** **০৫**

পূর্ণমান : ৫০০ (ইনকোর্স:২৫+পরীক্ষা:২৫)
বিষয় : চুড়ি, ব্রেসলেট, গলার মালা, কানের দুল, নাকফুল, রাখিবন্ধন, টিকলি, চুলের কাঁটা ইত্যাদি।
উৎপাদিত গহণা দ্রব্যের স্টোরি বোর্ড উপস্থাপনা : উপাদান, নকশা প্রণয়ন, প্রোডাক্ট তৈরীর বর্ণনা।
মাধ্যম : মাটি, কাঠ, শামুক, ঝিনুক, পুতি, ফল বা ফলের বিচি, মেটাল, কাপড়, পাথর ইত্যাদি।

**CRAFT 206** **কারুশিল্পের উপকরণ ও করণ-কৌশল (Material & Technique of Craft)** **০২**

পূর্ণমান : ৫০ (ইনকোর্স:২০+পরীক্ষা:৩০)
কাজ করার ক্ষেত্রে নানান কৌশল অবলম্বন, কারুশিল্পের ভাষা ও উপাদান, কারুশিল্পের ঐতিহ্যবাহী ও উদ্ভাবিত উপকরণ, উপকরণের সাথে গড়নের সম্পর্ক এবং বিবর্তন।

**CRAFT 911** **পাশ্চাত্য শিল্পের ইতিহাস (History of Western Art)** **০৪**

পূর্ণমান : ১০০{ইনকোর্স (টিউটোরিয়াল ১৫+মৌখিক ১০) ২৫+পরীক্ষা ৭৫}
১৫ শতক থেকে ১৯ শতক (রেনেসাঁ, ম্যানারিজম, বারোক, রোকোকো, নিওক্লাসিসিজম, রোমান্টিসিজম, রিয়েলিজম, ইম্প্রেসনিজম, পোস্ট ইম্প্রেসনিজম ইত্যাদি)।

**তৃতীয় বর্ষ ॥ মোট নম্বর : ৫০০** **মোট ক্রেডিট- ৪৪**

| Cource No | Cource Title & Marks | Credit |
|---|---|---|
| **CRAFT 301** | **ড্রইং (Drawing)**<br>পূর্ণমান : ১০০ (ইনকোর্স:৫০+পরীক্ষা:৫০)<br>বিষয় : মানুষ, তৈজসপত্র, পশু-পাখি, জলজপ্রাণি ইত্যাদি।<br>মাধ্যম : পেন্সিল, কালি, কলম, চারকোল, ক্রেয়ন, রং, তুলি ইত্যাদি। | ১০ |
| **CRAFT 302** | **দারুশিল্প (Wooden Art)**<br>পূর্ণমান : ১০০ (ইনকোর্স:৫০+পরীক্ষা:৫০)<br>বিষয় : ডিজাইন সম্বলিত কাঠের ব্লক (ফুল, লতা-পাতা, পশু-পাখি), বাস্তবধর্মী মুখোশ ও ফোক মটিফ, প্রাচীন দারু ও মৃৎশিল্প ফলকের অনুকরণে কাঠের কাজ।<br>মাধ্যম : কাঠ | ১০ |
| **CRAFT 303** | **বাটিক (Batik)**<br>পূর্ণমান : ৫০ (ইনকোর্স:২৫+পরীক্ষা:২৫)<br>বিষয় : নকশা, ফুল, লতা-পাতা ও তৈজসপত্র, ঐতিহ্যবাহী বিষয়, ফিগারসহ কম্পোজিশন, প্রাকৃতিক বিষয় এবং যে কোন ব্যবহারিক পণ্য তৈরী ইত্যাদি।<br>মাধ্যম : কাপড়, চামড়া ইত্যাদি। | ০৫ |
| **CRAFT 304** | **ধাতব শিল্প (Metal Art)**<br>পূর্ণমান : ১০০ (ইনকোর্স:৫০+পরীক্ষা:৫০)<br>বিষয় : উন্মুক্ত।<br>মাধ্যম : পিতল , তামা, অ্যালুমিনিয়াম, লোহা, ইস্পাত ইত্যাদি। | ১০ |
| **CRAFT 305** | **এপলিক (Applique)**<br>পূর্ণমান : ৫০ (ইনকোর্স:২৫+পরীক্ষা:২৫)<br>মাধ্যম : কাপড়<br>বিষয় : প্রাকৃতিক বিষয়, ঐতিহ্যগত বিষয়, ফিগারসহ কম্পোজিশন, ফুল, লতা-পাতা, নকশা, তৈজসপত্র ইত্যাদি। | ০৫ |
| **CRAFT 921** | **দক্ষিন এশিয়া ও বাংলার শিল্পের ইতিহাস (The Art of South Asia & Bengal)**<br>পূর্ণমান : ১০০ {ইনকোর্স (টিউটোরিয়াল ১৫+ইনকোর্স মৌখিক ১০) ২৫+পরীক্ষা ৭৫}<br>প্রাগৈতিহাসিক কাল থেকে ১৯৪৭ সাল পর্যন্ত :<br>ক) দক্ষিন এশিয়া- প্রাগৈতিহাসিক শিল্প নিদর্শন, সিন্ধু সভ্যতা, বৈদিক ও মহাকাব্যিক কাল, মৌর্য, সুঙ্গ, কুশান, অন্ধ্র, গুপ্ত ও গুপ্ত পরবর্তীকালের শিল্প।<br>খ) বাংলা- খড়গ, পাল, দেব, চন্দ্র, বর্মন, সেন, সুলতানী, মোগল (মুর্শিদাবাদী, কোম্পানী আমল-সহ) থেকে ভারত বিভাগপূর্ব। | ০৪ |

**চতুর্থ বর্ষ ॥ মোট নম্বর : ৫০০** **মোট ক্রেডিট-৪৮**

| Cource No | Cource Title & Marks | Credit |
|---|---|---|

**CRAFT 401** **স্ক্রিন প্রিন্ট (Screen Print)** ১০

পূর্ণমান : ১০০ (ইনকোর্স:৫০+পরীক্ষা:৫০)

বিষয় : ফিগার কম্পোজিশন, নিসর্গ, পশু-পাখি, জলজ প্রানী, মানুষ, হাট-বাজার, উৎসব, নকশা ইত্যাদি।

মাধ্যম : কাগজ, কাপড়, কাঠ, মেটাল ইত্যাদি।

**CRAFT 402** **ট্যাপিস্ট্রি (Tapestry)** ১০

পূর্ণমাণ : ১০০ (ইনকোর্স:৫০+পরীক্ষা:৫০)

বিষয় : নিসর্গ, পশু-পাখি, মাছ, মানুষ, হাট-বাজার, উৎসব, নকশা ইত্যাদি।

মধ্যম : পাট, সিল্ক, রেয়ন, কটন, উল ইত্যাদি।

**CRAFT 403** সৃজনশীল ফ্যাশন ডিজাইন (Creative Fashion Design) ০৫

পূর্ণমান :৫০ (ইনকোর্স:২৫+পরীক্ষা:২৫)

বিষয়: থিয়েটার ও সিনেমায় ব্যবহৃত কষ্টিউম. দেশীয় ঐতিহ্যবাহী উৎসব, ধর্মীয় উৎসব, শোক ও আনন্দ উৎসব এবং সাধারণ মানুষের ব্যবহার উপযোগী পোশাক ও অনুসঙ্গ বিষয় হিসেবে ব্যাগ, অলংকার, স্যান্ডেল ইত্যাদি ডিজাইন অনুশীলন।

**মাধ্যম :** এপলিক, সূচিকর্ম, বিভিন্ন রকম কাপড়, বাটিক, টাই এন্ড ডাই, এ্যাম্ব্রয়ডারী, হ্যান্ড পেইন ও ব্লক প্রিন্ট ইত্যাদি।

**CRAFT 404** **ইন্টার্নশিপ (Internship)** ০৫

পূর্ণমান :৫০ (ইনকোর্স: ৩০+পরীক্ষা: ২০)

বিষয় : এই বিষয়ের ওপর শিক্ষার্থীগণ কোন কারুশিল্প প্রতিষ্ঠান বা ডিজাইন সংস্থায় কিছুদিন কাজ করবে। সংস্থা কর্তৃপক্ষ তাদের কাজের মূল্যায়ন করে অত্র বিভাগে রিপোর্ট পাঠাবে। এর ভিত্তিতে ইন্টার্নশিপের নম্বর নির্ধারিত হবে। ইন্টার্নশিপের তত্ত্বাবধান করবেন বিভাগীয় শিক্ষক।

**বিকল্প কোর্স :**

**CRAFT** **পোর্টফোলিও এ্যাণ্ড প্রেজেন্টেশন (Portfolio & Presentation)**

বিষয় : নিজ শিল্পকর্মের মূল্যায়ন এবং উপস্থাপন। চার বছরের বাছাইকৃত শিল্পকর্মের নমুনা নিয়ে প্রাসঙ্গিক লেকচার ও ডেমোনস্ট্রেশনসহ একটি পোর্টফোলিও সম্পন্ন করতে হবে যা ভবিষ্যৎ কর্মক্ষেত্রে একজন পেশাদার কারুশিল্পী হিসেবে যোগ্যতার মান নিরূপণ করবে।

**CRAFT 931** **নন্দনতত্ত্ব (Aesthetics)** ০৪

পূর্ণমান : ১০০{ইনকোর্স (টিউটোরিয়াল ১৫+ইনকোর্স মৌখিক ১০) ২৫+পরীক্ষা ৭৫}

মৌলিক নন্দনতত্ত্ব, নন্দনতত্ত্বের তত্ত্ব, শিল্পদর্শন, সমালোচনা দর্শন ও শিল্পতত্ত্বসমূহ (পাশ্চাত্য, ভারত, চীন,জাপান)।

**CRAFT 932** **বিশ শতক এবং লোক নৃ-গোষ্ঠীর শিল্প (Folk, Ethnic & 20th Century Art)** ০৪

পূর্ণমান : ১০০ {ইনকোর্স (টিউটোরিয়াল ১৫+ইনকোর্স মৌখিক ১০) ২৫+পরীক্ষা ৭৫}

**লোক ও নৃ গোষ্ঠীর শিল্প:**

লোক ও নৃ-গোষ্ঠীর শিল্পের সংজ্ঞা, বাংলার লোক ও নৃ-গোষ্ঠীর শিল্প, আফ্রিকা, ওসেনিয়া, অস্ট্রেলিয়া, উত্তর ও দক্ষিণ আমেরিকার নৃ-গোষ্ঠীর শিল্পের প্রাথমিক পরিচিতি।

**বিংশ শতাব্দীর শিল্প:** সিম্বলিজম, ফবিজম, কিউবিজম, জার্মান এক্সপ্রেসনিজম, কন্সট্রাটিভিজম, ফিউচারিজম, দাদা ইজম, স্যুরিয়েলিজম,এবস্ট্রাক্টইজম, পপইজম, অপ এবং কাইনেটিকইজম, মিনিমালইজম।

**আধুনিক শিল্পের বিকাশ:**

বিংশ শতকের প্রথমভাগের শিল্প। আধুনিক থেকে উত্তর আধুনিক এবং পরবর্তী শিল্প: বিংশ শতকের শেষভাগের শিল্প।

# পাঠক্রম

## এম.এফ.এ. প্রোগ্রাম

## কারুশিল্প বিভাগ

## ঢাকা বিশ্ববিদ্যালয়

## এম.এফ.এ. প্রোগ্রামের উদ্দেশ্য

কারুশিল্প বিভাগে এম.এফ.এ. পাঠ্যক্রমের উদ্দেশ্য কারুশিল্পসহ শিল্পকলার সকল ক্ষেত্রে শিক্ষার্থীদের নিরীক্ষা ও গবেষণায় উদ্বুদ্ধ ও দক্ষ করে তোলা। কারুশিল্প সম্পর্কে সামগ্রিক ধারণা, নান্দনিকবোধ, বিশ্লেষণী ক্ষমতা এবং বৃহত্তর সামাজিক, রাজনৈতিক, ঐতিহাসিক তথা সাংস্কৃতিক ঐতিহ্য সম্পর্কে সচেতনতা বৃদ্ধির মাধ্যমে শিল্পের সম্ভাবনা এবং তাৎপর্য অনুধাবন করতে সহায়তা করা। সৃজনশীল কারুশিল্প এবং কারুশিল্পের বিভিন্ন মাধ্যমের উপর আলাদাভাবে বিশেষ গুরুত্বের সাথে নিজ পঠিত বিষয়ে বিশেষজ্ঞ হতে সহায়তা করা। সম্পূর্ণ স্বাধীনভাবে কাজ করার মাধ্যমে নিজের কাজের প্রতি কৌশলগত দক্ষতা, আত্মবিশ্বাস নিরীক্ষা সমালোচনা এবং বিশ্লেষণ ক্ষমতার মাধ্যমে শিল্পকর্মকে আন্তর্জাতিকমানে উন্নীত করা। এই কোর্সের তত্ত্বীয় বিষয়সমূহ শিক্ষার্থীকে তার শিল্পচর্চায় নিজস্বতা এবং বিষয় সম্পর্কে গবেষণার পথ সুদৃঢ় করতে সহায়তা করবে। চার বছরের বি.এফ.এ. সম্মান উত্তীর্ণ শিক্ষার্থীরা দুই বছরের এম.এফ.এ. কোর্সে ভর্তি হতে পারবে। ১ম পর্ব পরীক্ষায় উন্নীত হয়ে শিক্ষার্থীরা ২য় পর্বে উন্নীত হবে এবং এম.এফ.এ. ২য় পর্বের পরীক্ষা শেষে দুই পর্বের মোট GPA এর সমন্বয়ে চূড়ান্ত ফলাফল (CGPA) অর্জন করবে।

**M.F.A. 1st Part**
Total Mark : 500
Total Credit: 44

| Course No | Title of the Course | Marks | Credits | Cont. Hrs |
|---|---|---|---|---|
| CRAFT 501 | নিরীক্ষামূলক ড্রইং (Experimental Drawing) | 100 | 10 | 150 |
| CRAFT 502 | (নিরীক্ষামূলক ফিগার কম্পোজিশন) (Experimental Figure Composition) | 100 | 10 | 150 |
| CRAFT 503 | নিরীক্ষামূলক নকশা (Experimental Design) | 100 | 10 | 150 |
| CRAFT 504 | সৃজনশীল কারুশিল্প (Creative Craft) | 100 | 10 | 150 |
| CRAFT 941 | বাংলাদেশের শিল্প (Art of Bangladesh) | 100 | 04 | 60 |

**M.F.A. 2nd Part**
Total Mark : 500
Total Credit : 44

| Course No | Title of the Course | Marks | Credits | Cont. Hrs |
|---|---|---|---|---|
| CRAFT 601 | নিরীক্ষামূলক কম্পোজিশন (Experimental Composition) | 200 | 20 | 300 |
| CRAFT 602 | প্রায়োগিক কারুশিল্প ও অলংকার (Applied Craft and Decoration) | 100 | 10 | 150 |
| CRAFT 603 | নিরীক্ষামূলক ফ্যাশন ডিজাইন (Experimental Fashion Design) | 100 | 10 | 150 |
| CRAFT 604 **Alternative** CRAFT 605 | কারুশিল্প ইতিহাস (History of Craft) অভিসন্দর্ভ (Dissertation) | 100 | 04 | 60 |

## এম.এফ.এ. প্রোগ্রাম

**প্রথম পর্ব ॥ মোট নম্বর : ৫০০** **মোট ক্রেডিট-৪৪**

| Cource No | Cource Title & Marks | Credit |
|---|---|---|
| **CRAFT 501** | **নিরীক্ষামূলক ড্রইং (Experimental Drawing)**<br>পূর্ণমান : ১০০ (ইনকোর্স:৫০+পরীক্ষা:৫০)<br>বিষয় : মানুষ, পশু-পাখি, জলজপ্রাণি ইত্যাদি।<br>মাধ্যম : পেন্সিল, চারকোল, কালি, তুলি, রং ইত্যাদি। | ১০ |
| **CRAFT 502** | **নিরীক্ষামূলক ফিগার কম্পোজিশন (Experimental Figure Composition)**<br>পূর্ণমান : ১০০ (ইনকোর্স:৫০+পরীক্ষা:৫০)<br>বিষয় : মানুষ, পশু-পাখি, জলজপ্রাণি ইত্যাদি।<br>মাধ্যম : স্ক্রিন প্রিন্ট, বয়ন, কাঠ, বাটিক, মেটাল, এপলিক, মিশ্র ইত্যাদি। | ১০ |
| **CRAFT 503** | **নিরীক্ষামূলক নকশা (Experimental Design)**<br>পূর্ণমান : ১০০ (ইনকোর্স:৫০+পরীক্ষা:৫০)<br>বিষয় : উন্মুক্ত।<br>মাধ্যম : কাগজ, রং, তুলি, কোলাজ, মিশ্র ইত্যাদি। | ১০ |
| **CRAFT 504** | **সৃজনশীল কারুশিল্প (Creative Craft)**<br>পূর্ণমান : ১০০ (ইনকোর্স:৫০+পরীক্ষা:৫০)<br>মাধ্যম : বাঁশ, বেত, চামড়া, কাঠ, মেটাল, আঁশ, সুতা, উল, বস্ত্র ইত্যাদি।<br>শিক্ষাবর্ষে শিক্ষার্থী বাংলাদেশের যে কোন একটি ঐতিহ্যবাহী লোক / কারুশিল্পের তথ্য, তথ্যচিত্র ও শিল্পকর্ম সংগ্রহ করবে এবং সংগৃহীত শিল্পকর্মের আদলে সৃজনশীল রূপদানে ক্লাসে দুইবার ও চূড়ান্ত পরীক্ষায় একবার উপস্থাপন করবে। উল্লেখ্য, চূড়ান্ত পরীক্ষায় তৈরীকৃত নিজস্ব ধারার শিল্পকর্ম সম্পর্কিত চিন্তা চেতনা বৈশিষ্ট্য সম্পর্কে সুস্পষ্ট ব্যাখা লিখিত আকারে জমা দিতে হবে এবং বিভাগীয় ছাত্র শিক্ষকের মাঝে নির্দিষ্ট সময়ে উপস্থাপন করতে হবে। | ১০ |
| **CRAFT 941** | **বাংলাদেশের শিল্প (Art of Bangladesh)**<br>পূর্ণমান : ১০০ {ইনকোর্স (টিউটোরিয়াল:১৫+ মৌখিক:১০) ২৫+ পরীক্ষা:৭৫}<br>১৯৪৭ সাল থেকে সাম্প্রতিক সময় পর্যন্ত। | ০৪ |

**দ্বিতীয় পর্ব ॥ মোট নম্বর : ৫০০** **মোট ক্রেডিট-৪৪**

**শিক্ষার্থী CRAFT 601 নং কোর্সটি যে মাধ্যমে সম্পন্ন করবে তা ব্যতীত কারুশিল্পের যে কোন মাধ্যমে CRAFT 602 নং কোর্সটি সম্পন্ন করবে।**

| Cource No | Cource Title & Marks | Credit |
|---|---|---|
| **CRAFT 601** | **নিরীক্ষামূলক কম্পোজিশন (Experimental Composition)**<br>পূর্ণমান :২০০ (ইনকোর্স:১০০+পরীক্ষা:১০০)<br>বিষয় : উন্মুক্ত।<br>মাধ্যম : স্ক্রিন প্রিন্ট, বয়ন, কাঠ, বাটিক, মেটাল, এপলিক এবং মিশ্র। | ২০ |
| **CRAFT 602** | **প্রায়োগিক কারুশিল্প ও অলংকার (Applied Craft & Decoration)**<br>পূর্ণমান : ১০০ (ইনকোর্স:৫০+পরীক্ষা:৫০)<br>বিষয় : প্রকৃতি ও পারিপার্শ্বিক অভিজ্ঞতার আলোকে নিজস্ব গবেষণা ও স্বতন্ত্র ধারার বিভিন্ন প্রকার অলংকার ও সাজ-সজ্জার উপাদান যেমন- অলংকৃত কাঠ, চামড়া, মেটাল, বস্ত্র, শোপিচ, মুখোশ, তৈজসপত্র, আসবাবপত্র, পর্দা, রুম ডিভাইডার, ল্যাম্পশেড ইত্যাদি আন্তর্জাতিক মান সম্পন্ন, যুগপোযোগী ও আধুনিক আঙ্গিকে তৈরী করণ।<br>মাধ্যম : কারুশিল্পের যে কোন মাধ্যম। | ১০ |
| **CRAFT 603** | **নিরীক্ষামূলক ফ্যাশন ডিজাইন (Experimental Fashion Design)**<br>পূর্ণমান : ১০০ (ইনকোর্স:৫০+পরীক্ষা:৫০)<br>বিষয় : থিয়েটার ও সিনেমায় ব্যবহৃত কষ্টিউম, দেশীয় ঐতিহ্যবাহী উৎসব, ধর্মীয় উৎসব, শোক ও আনন্দ উৎসব এবং সাধারণ মানুষের ব্যবহার উপযোগী পোশাক ও অনুষঙ্গ বিষয় হিসেবে ব্যাগ, অলংকার, স্যাণ্ডেল, থিম ওয়ার্ক ইত্যাদি ডিজাইন অনুশীলন।<br>মাধ্যম : এপলিক, সুচিকর্ম, বিভিন্ন রকম কাপড়, বাটিক, টাই এণ্ড ডাই, এ্যামব্রয়ডারী, হ্যাণ্ড পেইন্ট, ব্লক প্রিন্ট ও প্যাটার্ন কাটিং ইত্যাদি। | ১০ |
| **CRAFT 604** | **কারুশিল্পের ইতিহাস (History of Craft)**<br>পূর্ণমান: ১০০ {ইনকোর্স (টিউটোরিয়াল:১৫+ মৌখিক:১০) ২৫ +পরীক্ষা :৭৫}<br>লোকশিল্প ও কারুশিল্পের পরিচয়, ইতিহাস ও শ্রেণি বিভাজন। আধুনিক বিশ্ব চারু ও কারুশিল্প আন্দোলন। স্টুডিও ক্রাফট ও হ্যাণ্ডি ক্রাফটের পরিচয়, ইতিহাস ও শ্রেণি বিভাজন।<br>২০ শতকের বিশ্ব কারুশিল্প, বাংলাদেশের আঞ্চলিক কারুশিল্পের তুলনামূলক আলোচনা, ২০ শতকের বিশ্ব কারুশিল্পের শৈলী ও প্রবণতা, বাংলাদেশের কারুশিল্পের নান্দনিকতা ও দর্শন, কারুশিল্পের বিশ্লেষণ ও সমালোচনা শৈলী। | ০৪ |

**বিকল্প : (৭৫৪ এর বিকল্প কোর্স CRAFT ৬০৫)**

| | | |
|---|---|---|
| **CRAFT 605** | **অভিসন্দর্ভ (Dissertation)**<br>পূর্ণমান: ১০০ (লিখিত ৬০+মৌখিক ৪০)<br>বিষয় : নিজস্ব শিল্পকর্ম, বাংলাদেশের কারুশিল্প বা কারুশিল্পী, লোকশিল্প ইত্যাদি। | ০৪ |

# পাঠক্রম

## এম.ফিল. ও পিএইচ.ডি. প্রোগ্রাম

## কারুশিল্প বিভাগ

## ঢাকা বিশ্ববিদ্যালয়

## এম.ফিল. প্রোগ্রামের উদ্দেশ্য

বাংলাদেশে বিচিত্র কারুশিল্পের নানা মাধ্যম বা ক্ষেত্র রয়েছে। এর মধ্যে কারুশিল্পের একটি বিশেষ ক্ষেত্রে, তাত্ত্বিক জ্ঞান অর্জনের উদ্দেশ্যেই এম.ফিল. ও পিএইচ.ডি. প্রোগ্রাম গুরুত্বপূর্ণ। গুরুত্বপূর্ণ এই কারণে নিগুঢ় গবেষণার মাধ্যমে জ্ঞান সাধিত হয়। ঐতিহ্যবাহী কারুশিল্প বিলুপ্ত প্রায়। কি কারণে? এমন প্রশ্নে এই গবেষণার মধ্য দিয়ে ভূমিজ কারুশিল্পের কেন্দ্রমূলে পৌছানো যায়। মৌলিক বৈশিষ্ট্যগুণে আমাদের কারুশিল্প ছিল ঐতিহ্যমণ্ডিত। সমকালের কারুশিল্পীরা ঐতিহ্য থেকে আজকের প্রেক্ষিতে কতটুকু বিষয়বস্তু, নকশা, ধারণা গ্রহণ করবে এজন্যও চাই গবেষণা। এই কোর্সের গবেষণা বিশ্লেষণী ক্ষমতা, বৃহত্তর সামাজিক, রাজনৈতিক, ঐতিহাসিক তথা সাংস্কৃতিক ঐতিহ্য সম্পর্কে সচেতনতা বৃদ্ধির মাধ্যমে ভবিষ্যৎ কারুশিল্পের সম্ভাবনা এবং সার্বিক উন্নতিসাধনে ভূমিকা রাখবে। যেহেতু কারুশিল্প নিয়ে তেমন গবেষণা হয় না, মৌলিক গবেষণা নেই বললেই চলে-এমন সন্ধিক্ষণে এম.ফিল. ও পিএইচ.ডি. প্রোগ্রামের তাৎপর্য অনস্বীকার্য এবং এ বিষয়ে নতুন গবেষক তৈরীতেও প্রভাব পড়বে।

**বি.দ্র. :** ঢাকা বিশ্ববিদ্যালয়ের অভিন্ন নীতিমালা অনুযায়ী এম.ফিল. ও পিএইচ.ডি. প্রোগ্রাম পরিচালিত হবে।

## এম.ফিল. প্রোগ্রাম

* শিক্ষার্থীরা ৭৬১-৭৬৬ কোর্সের মধ্য থেকে যে কোন দুইটি কোর্স নিয়ে অধ্যয়ন করবে।
* এম.ফিল. ডিগ্রি প্রোগ্রাম হবে দুই বছর, এর মধ্যে এক বছর কোর্স প্রোগ্রাম এবং এক বছর থিসিস প্রোগ্রাম।
* এম.ফিল. কোর্স ফাইনাল পরীক্ষা ৪ ঘন্টা সময়ব্যাপী।
* প্রত্যেক পূর্ণ কোর্স ১০০ নম্বরে গঠিত।

**নম্বর বিভাজন**

এম.ফিল. ডিগ্রির জন্য প্রতিটি কোর্সের নম্বর- ১০০ (পাশ নম্বর : ৫০)
নির্বাচিত ২টি কোর্সের নম্বর- ২০০ (পাশ নম্বর-১০০)
অভিসন্দর্ভ ও মৌখিক পরীক্ষার নম্বর-১০০ (৭৫+২৫)

**মোট নম্বর=৩০০**

**প্রথম পর্ব ॥ মোট নম্বর : ৩০০**

| Cource No | Cource Title & Marks |
|---|---|
| **CRAFT 701** | **কারুশিল্পের ইতিহাস (History of Craft)**<br>পূর্ণমান : ১০০ (কোর্স ফাইনাল)<br>শিল্পায়নের উন্নয়ন ও ঔপনিবেশিক প্রভাবে উপমহাদেশের কারুশিল্পের অবস্থান পরিবর্তনের বিষয় নিয়ে বিশ্লেষণ, আলোচনা ও সমালোচনা। |
| **CRAFT 702** | **বাংলাদেশের ঐতিহ্যবাহী লোক ও নৃ-গোষ্ঠীর শিল্প। (Traditional Folk & Ethnic Art of Bangladesh)**<br>পূর্ণমান : ১০০ (কোর্স ফাইনাল)<br>ঐতিহ্যবাহী লোকশিল্প ও নৃ-গোষ্ঠী শিল্পের সংজ্ঞা বিশ্লেষণ, আলোচনা ও পরিচিতি। |
| **CRAFT 703** | **বাংলাদেশের আধুনিক শিল্পের চর্চা ও বিকাশ (Exercise and Development of Modern Art in Bangladesh)**<br>পূর্ণমান : ১০০ (কোর্স ফাইনাল), ১৯৭১ সাল থেকে সাম্প্রতিক সময় পর্যন্ত।<br>এই কোর্সে কারুশিল্পের সাথে বাংলাদেশের আধুনিক শিল্পের চর্চা ও বিকাশের সম্পর্কের দিকটি গুরুত্ব পাবে। |

**CRAFT 704** **দক্ষিন এশিয় কারুশিল্প (South Asian Crafts)**

পূর্ণমান : ১০০ (কোর্স ফাইনাল)

প্রাগৈতিহাসিক কারুশিল্প নিদর্শণ, সিন্ধু সভ্যতা, বৈদিক ও মহাকাব্যিক কাল, মৌর্য, সুঙ্গ, কুশান, অন্ধ্র, গুপ্ত ও গুপ্ত পরবর্তীকালের কারুশিল্প।

**CRAFT 705** **ফ্যাশন ডিজাইন (Fashion Design)**

পূর্ণমান : ১০০ (কোর্স ফাইনাল)

বাংলাদেশের পোশাক ও ফ্যাশন ডিজাইন নিয়ে বিশ্লেষণ, সম্ভাবনা, আলোচনা ও পরিচিতি।

**CRAFT 706** **গবেষণা পদ্ধতি (Research Methodology)**

পূর্ণমান : ১০০ (কোর্স ফাইনাল)

ক) গবেষণার প্রাথমিক ধারণা।

খ) গবেষণা পরিকল্পনা।

গ) গবেষণার বিষয় নির্বাচন।

ঘ) গবেষণার মৌলিক উপাদান

ঙ) অভিসন্দর্ভের গঠন-কাঠামো।

চ) তথ্য নির্দেশ পদ্ধতি।

ছ) কারুশিল্প গবেষণা পদ্ধতির বিশেষত্ব।

জ) মাঠ গবেষণাকর্ম, কারুশিল্প গবেষণার উপাদান-উপকরণ, তথ্য সংগ্রহ, বিশ্লেষণ ও বিন্যাস পদ্ধতি।

ঝ) গবেষণার নীতি নৈতিকতা, প্লাজিয়ারিজম।

**দ্বিতীয় পর্ব :**

**অভিসন্দর্ভ (Thesis)**

সকল গবেষক কোন সুপারভাইজার বা তত্ত্বাবধায়কের তত্ত্বাবধানে মাঠ পর্যায়ে গবেষণা, গবেষণা পদ্ধতি,ডাটা, সাহিত্যে জ্ঞান অনুসন্ধান, সাক্ষাতকার, জরিপ ইত্যাদির সমর্থনে গবেষণা বা অভিসন্দর্ভ লিখবে। অভিসন্দর্ভ জমা দেয়ার পর গঠিত মূল্যায়ন কমিটি সংশ্লিষ্ট গবেষকের সাক্ষাৎকার নেবেন এবং ডিগ্রি প্রদান বিষয়ে সুপারিশ করবেন।

**পিএইচ.ডি. প্রোগ্রাম**

ঢাকা বিশ্ববিদ্যালয়ের অভিন্ন নীতিমালা অনুযায়ী পিএইচ.ডি. প্রোগ্রাম পরিচালিত হবে।